"সেবার মাধ্যমে এগিয়ে
যাওয়াই প্রকৃত কল্যাণ"

21008[illegible]26101805

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী পরিচালকের কার্যালয়
প্রবাসী কল্যাণ সেন্টার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সমুদ্র বিলাস (১ম তলা, বাড়ী নং-৫২/১, রোড নং-০১, মাদ্রাসা রোড, মুন্সিপাড়া,
রংপুর।
wewb.rangpur.gov.bd

স্মারক নং- ৪৯.০৪.৮৫০০.০০৫.১৮.০০২.২০২৬-১২৮ তারিখ: ১৭ / ১০ / ২০২৬খ্রি.

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির "বিজ্ঞপ্তি" প্রচার সংক্রান্ত ।

সূত্র: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.২৪২.২০২৬-১২১ তারিখ: ০৮ অক্টোবর ২০২৬ ইং।
সূত্র: ৪৯.০৪.০০০০.০০৪.১৮.২৪২.২৬-১২৯ তারিখ: ১৪ অক্টোবর ২০২৬ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৬ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে (শর্তসাপেক্ষে) অনলাইনে দরখাস্ত আহ্বান সংক্রান্ত একটি বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে।

আবেদন শুরুর তারিখ (অনলাইনে)	আবেদনের শেষ তারিখ (অনলাইনে)
২৫ অক্টোবর ২০২৬ ইং	২৪ নভেম্বর ২০২৬ ইং

এমতাবস্থায়, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্তে অনলাইনে দরখাস্ত আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার দপ্তরের ওয়েবসাইট-এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ পাতা।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার
রংপুর।
টেলিফোন: ০২৫-৮৮৮১০৮০৪
E-mail: wc.rangpur@wewb.gov.bd

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব),ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
২।মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস নথি/২০২৬।

১৭/১০/২০২৬

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

স্মারক নং: ৪৯.০৪.০০০০.০০৪.০১৮.২৪২.২০২৬-২২৯

তারিখ: ০৮/১০/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এসএসসি/সমমান-২০২৬, এইচএসসি/সমমান-২০২৫ ও ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং-২০২৫ ক্যাটাগরিতে প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানের জন্য আবেদন আহ্বান।

প্রবাসী কর্মীর মেধাবী সন্তান যারা ২০২৬ সালের এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়/মেডিক্যাল কলেজে (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং-এ (১ম সেমিস্টার/বর্ষে) অধ্যয়নরত তাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১। আবেদনের যোগ্যতা :

ক) যে সকল প্রবাসী কর্মী বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র অথবা ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ গ্রহণ করেছেন তাদের সন্তান;

খ) একজন প্রবাসী কর্মীর সর্বোচ্চ ২ (দুই) জন সন্তান শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবে।

২। নিম্নোক্ত ছকে বর্ণিত শর্ত সাপেক্ষে শিক্ষার্থী আবেদন করতে পারবে-

ক্রম	ক্যাটাগরি	বিভাগ	বাংলাদেশের কারিকুলাম অনুযায়ী জিপিএ	
			(ক) প্রবাসী কর্মীর সন্তানের ক্ষেত্রে	(খ) প্রবাসে মৃত কর্মীর সন্তানের ক্ষেত্রে
০১	এসএসসি/সমমান ২০২৬	বিজ্ঞান বিভাগ	৫.০০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৭৫	৪.০০
০২	এইচএসসি/সমমান ২০২৫	বিজ্ঞান বিভাগ	৪.৮০	৪.০০
		মানবিক ও ব্যবসায় শিক্ষা	৪.৫০	৪.০০
০৩	ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং ২০২৫	-	৩.২৫	৩.০০

৩। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি আপলোড করতে হবে :

ক) পিতা/মাতা প্রবাসী কর্মী হওয়ার স্বপক্ষে প্রমাণক হিসাবে বিএমইটি'র বহির্গমন ছাড়পত্র/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মেম্বারশিপ সম্বলিত পাসপোর্ট-এর কপি;

খ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বরসহ অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রদত্ত প্রত্যয়ন পত্র;

গ) প্রবাসে মৃত কর্মীর সন্তানদের ক্ষেত্রে বিদেশস্থ বাংলাদেশ মিশন কর্তৃক ইস্যুকৃত এনওসি (দূতাবাস সনদ)-এর কপি;

ঘ) শিক্ষার্থীর যে কোনো তফসিলি ব্যাংকের হিসাব নম্বর ও ব্যাংক রাউটিং নম্বরসহ স্টেটমেন্ট (এজেন্ট ব্যাংকিং গ্রহণযোগ্য নয়);

ঙ) শিক্ষার্থীর ০১ (এক) কপি ছবি ও স্বাক্ষর এবং

চ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন/এনআইডি-এর কপি।

৪। শিক্ষাবৃত্তি প্রদানের মেয়াদ :

ক) এসএসসি/সমমান: একাদশ হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ২ (দুই) বছর, তবে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের ক্ষেত্রে সর্বোচ্চ ৪ (চার) বছর।

খ) এইচএসসি/সমমান: ডিগ্রি (পাস) কোর্স এর জন্য ৩ (তিন) বছর, স্নাতক এর জন্য ৪ (চার) বছর, তবে এমবিবিএস, বিডিএস (ব্যাচেলর অব ডেন্টাল সার্জারি), ডিভিএম (ডক্টর অফ ভেটেরিনারি মেডিসিন), বি.আর্ক (ব্যাচেলর অফ আর্কিটেকচার) এ ৫ (পাঁচ) বছর এবং অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রেও ৫ (পাঁচ) বছর এবং

গ) ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং: বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পর্যায়ে ৪ (চার) বছর।

৫। অনলাইনে আবেদনের প্রক্রিয়া :

ক) সকল শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের জন্য https://portal.wewb.gov.bd লিংকে ভিজিট করুন।

খ) অনলাইনে আবেদনের সময়সীমা: **২৫ অক্টোবর ২০২৬ হতে ২৪ নভেম্বর ২০২৬ তারিখ** পর্যন্ত।

৬। শর্তাবলি :

ক) শিক্ষাবৃত্তির আবেদন শুধুমাত্র অনলাইনে করতে হবে, সরাসরি বা ডাকযোগের আবেদন গ্রহণ করা হবে না;

খ) প্রবাসী কর্মীর পাসপোর্টে উল্লিখিত নামের সাথে আবেদনকারীর সনদে উল্লিখিত পিতা/মাতার নামের গরমিল পরিলক্ষিত হলে আবেদন বাতিল বলে গণ্য হবে;

গ) অসম্পূর্ণ এবং ভুল তথ্য প্রদানকৃত আবেদন বাতিল বলে গণ্য হবে এবং বৃত্তিপ্রদান সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে এবং

ঘ) এ সংক্রান্ত যেকোন তথ্যের জন্য প্রবাসী কল সেন্টার (দেশ থেকে: ১৬১৩৫ টোল ফ্রি এবং বিদেশ থেকে +৮৮০৯৬১০১০২০৩০) ও জেলা প্রবাসী কল্যাণ সেন্টারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

০৮/১০/২৬
(মোঃ সাইফুর রহমান)
উপসচিব
পরিচালক (আইআরপি)

মোঃ আতাউর রহমান
সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.wewb.gov.bd



নং: ৪৯.০৪.০০০০.০০৪.১৮. ২৪২.২৬- ১২৭

তারিখ: ১৪/১০/ ২০২৬খ্রি.

বিষয়: প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান এর বিজ্ঞপ্তি প্রচার সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের মধ্যে যারা ২০২৬ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে একাদশ/সমমান অথবা ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম সেমিস্টার/বর্ষে অধ্যয়নরত রয়েছেন ও ২০২৫ সালে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন মেডিক্যাল কলেজ/বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত এবং বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে ২০২৫ সালে ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়ে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ১ম সেমিস্টারে/বর্ষে অধ্যয়নরত রয়েছেন, সে সকল শিক্ষার্থীদের মধ্য হতে নির্ধারিত সংখ্যক মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদানের নিমিত্ত দরখাস্ত আহ্বান করা হয়েছে। বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে বিভিন্ন পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়াও ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইটে (www.wewb.gov.bd) শিক্ষাবৃত্তির বিজ্ঞপ্তি পাওয়া যাচ্ছে।

২। এমতাবস্থায়, প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার জেলার সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বিজ্ঞপ্তির কপি ০১ (এক) ফর্দ।

(মোহাম্মদ জাকির হোসেন)
(উপসচিব)
পরিচালক (আইআরপি)
ফোন: ০২-২২২২২২৬১৯
Email:d.irp.@wewb.gov.bd

সহকারী পরিচালক
প্রবাসী কল্যাণ সেন্টার (সকল)

সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
০২। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড,ঢাকা।
০৩। অফিস কপি।